ঝিনাইদহে পুর্বাঞ্চলে স্বতন্ত্র প্রার্থীর গণসংযোগ

ঝিনাইদহ সদর উপজেলার গোয়ালপাড়া, হরিশংকরপুর ও হাটগোপালপুর বাজারসহ বিভিন্ন ইউনিয়নে গণসংযোগ করেছেন ঈগল প্রতিকের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

আজ মঙ্গলবার (২৬ ডিসেম্বর) বিকালে তিনি গোয়ালপাড়া বাজারে প্রথম নির্বাচনী সমাবেশে বক্তৃতা দান করেন। আজম আলী মেম্বরের সভাপতিত্বে অনুষ্ঠানে পোড়াহাটী ইউনিয়নের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরণ, কালীচরনপুর ইউনিয়নের চেয়ারম্যান যুবলীগ নেতা জাহাঙ্গীর হোসেন, হরিশংকপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাসুম ও আবুল হোসেন প্রমুখ বক্তব্য রাখেন। গোয়ালপাড়া বাজারে নির্বাচনী সমাবেশ শেষ করে নাসের শাহরিয়ার জাহেদী মহুল হাটগোপালপুর বাজারে শাহাবুদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে ও হরিশংকরপুর, মধুপুর বাজার ও পোড়াহাটী ইউনিয়নের বিভিন্ন স্থানে গণসংযোগ করেন।

এ সব নির্বাচনী সমাবেশে হাজার হাজার মানুষ অংশ গ্রহন করেন। গণসংযোগকালে ঈগল প্রতীকের স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, জেলার মানুষ পরিবর্তন চাই। এখন পরিবর্তনের যুগ, উন্নয়নের যুগ। এমপি নির্বাচতি হলে জেলার পুর্বাঞ্চলের মানুষের সব সমস্যা পর্যায়ক্রমে সমাধানের আশ্বাস দেন তিনি। তিনি বলেন, জনপ্রতিনিধি না হয়েও তিনি ও তার পরিবার ঝিনাইদহের মানুষকে সাধ্যমতো সেবা করে যাচ্ছেন। আর এই সেবা নিঃস্বর্থ ও মানুষের কল্যানে। তিনি আগামী ৭ জানুয়ারি ঈগল প্রতিকের পক্ষে রায় দেয়ার জন্য ভোটারদের প্রতি উদাত্ত আহবান জানান।